মেহেরপুরের বেলতলা পাড়ায় পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার বেলতলা পাড়ায় পানিতে ডুবে মোমিন নামে ২ বছর বয়সী এক শিশুর করুন মৃত্যু হয়েছে। আজ বুধবার সকাল ১১ টার সময় বাড়ির পাশের মাজেদের পুকুরে এ ঘটনা ঘটে। নিহত মোমিন একই গ্রামের মশিউর রহমানের ছেলে।

স্থানীয়রা জানান, মোমিন বাবা মা ভোট দেওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছিলো।এ সময় শিশুটি একা একা বাড়ির পাশের পুকুরের ধারে গেলে পানিতে পড়ে যায়। স্থানীয়রা গোসল করতে গিয়ে দেখতে পেয়ে উদ্ধার করে। মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গায় সাপের কামড়ে শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার নতুন ভান্ডারদহ গ্রামে সাপের কামড়ে আওলিয়ার রহমান (০৫) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। বুধবার রাতে এ ঘটনা ঘটে।

নিহত আওলিয়ার রহমান নতুন ভান্ডারদহ গ্রামের আমান আলীর ছেলে।

স্থানীয়রা জানান, বুধবার রাতে আওলিয়ার বাড়ির পাশে দাঁড়িয়ে ছিল। এ সময় বিষধর একটি সাপ শিশুটির পায়ে কামড় দেয়।

তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।